অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

স্টেটজুড়ে নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত সাইটগুলোতে গুরুত্বপূর্ণ শিল্পগুলোকে আকৃষ্ট করার জন্য 200 মিলিয়ন ডলারের "FAST NY" অনুদান কর্মসূচি এখন অভিপ্রায় পত্র গ্রহণ করছে

এই কর্মসূচি নিউ ইয়র্কের নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত থাকাকে এগিয়ে নিয়ে যাবে এবং বৃহৎ নিয়োগকর্তাদের কাছে স্টেটের আকর্ষণ বৃদ্ধি করবে

15 ডিসেম্বর তারিখে সম্ভাব্য আবেদনকারীদের জন্য তথ্যমূলক ওয়েবিনার আয়োজন করা হবে

আবেদনের পোর্টাল 15 ডিসেম্বর থেকে চালু হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটে গুরুত্বপূর্ণ প্রবৃদ্ধি অর্জনকারী শিল্পগুলোকে আকৃষ্ট করা ও সম্প্রসারণের সুযোগ দেওয়ার জন্য 200 মিলিয়ন ডলার পর্যন্ত বরাদ্দ প্রদান করতে যাওয়া নতুন ফোকাসড অ্যাট্রাকশন অব শোভেল-রেডি ট্র্যাক্টস (Focused Attraction of Shovel-Ready Tracts) অনুদান কর্মসূচি এখন সম্ভাব্য আবেদনকারীদের কাছ থেকে অভিপ্রায় পত্র গ্রহণ করবে। হাই-টেক ম্যানুফ্যাকচারিং; ইন্টারস্টেট ডিস্ট্রিবিউশন ও লজিস্টিকস ব্যবসা প্রতিষ্ঠান; এবং অন্যান্য বৃহৎ নিয়োগকর্তাকে আকৃষ্ট করার জন্য নিউ ইয়র্ক স্টেটজুড়ে গুরুত্বপূর্ণ বাণিজ্যিক সাইটগুলোকে প্রস্তুতি নিতে সাহায্য করার জন্য FAST-NY সার্টিফিকেশন ও অনুদান তহবিল প্রদান করছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) আবেদন প্রক্রিয়ার প্রথম ধাপ হিসেবে অভিপ্রায় পত্র গ্রহণ করছে এবং 15 ডিসেম্বর তারিখে আবেদনের পোর্টাল চালু হওয়ার পর থেকে এই পত্র জমাদানকারীদের কাছ থেকে ক্রমান্বয়ে আবেদনপত্র গ্রহণ করবে।

"নতুন ফাস্ট-NY কর্মসূচি আমাদের নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত সাইটগুলোর সরবরাহ বৃদ্ধি করা এবং ভবিষ্যতের কর্মসংস্থান ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে আকৃষ্ট করার মাধ্যমে একটি বাণিজ্যিক হাব হিসেবে নিউ ইয়র্কের অবস্থানকে আরো বেশি সুদৃঢ় করবে," **বলেছেন গভর্নর হোকল।** "এই 200 মিলিয়ন ডলার পর্যন্ত বিনিয়োগের মধ্য দিয়ে, আমরা আমাদের স্টেটের অর্থনীতিকে উজ্জীবিত করতে এবং উচ্চ-প্রবৃদ্ধি, উচ্চ-বেতনের চাকরি নিয়ে আসবে এমন গুরুত্বপূর্ণ শিল্পগুলোকে আকৃষ্ট করতে সাহায্য করছি। FAST NY-এর প্রতি আগ্রহীদেরকে আমি

একটি অভিপ্রায় পত্র জমা দেওয়ার মাধ্যমে তাদের আবেদন প্রক্রিয়া শুরু করার জন্য উৎসাহিত করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কে মাইক্রন (Micron)-এর ঐতিহাসিক বিনিয়োগের এই ঘোষণা এই বিষয়টির ইতিবাচক প্রমাণ যে কোম্পানিগুলোর জন্য নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত সাইট থাকা একটি স্মার্ট বিনিয়োগ। যেহেতু এসব কোম্পানি ফেডারেল CHIPS এন্ড সায়েন্স (CHIPS and Science) আইন এবং নিউ ইয়র্কের নিজস্ব গ্রিন CHIPS (Green CHIPS) কর্মসূচির সুবিধা কাজে লাগাতে চায়, নিউ ইয়র্কের নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত বাড়তি কিছু সাইট প্রয়োজন হবে, এবং FAST NY সমৃদ্ধির একটি যুগ নিয়ে আসতে সাহায্য করবে।"

নির্মাণের জন্য প্রস্তুত থাকার প্রতি বিনিয়োগ হলো সেমিকন্ডাক্টর শিল্পের জন্য সাইট বাছাইয়ের একটি মুখ্য চালক। সেমিকন্ডাক্টর ম্যানুফ্যাকচারার মাইক্রন সম্প্রতি সেন্ট্রাল নিউ ইয়র্কে নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত হোয়াইট পাইন সাইটকে এটির চিপ প্রস্তুতকারক ফ্যাসিলিটির জন্য 100 বিলিয়ন ডলার পর্যন্ত বিনিয়োগ করার জন্য বেছে নিয়েছে এবং মার্সি-এর নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত সাইটটি উলফস্পিড (Wolfspeed)-কে মোহাক ভ্যালিতে নিয়ে আসার জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে ভূমিকা রেখেছে।

তিন ধরনের ফোকাসড অ্যাট্রাকশন অব শোভেল-রেডি ট্র্যাক্টস (FAST NY) কর্মসূচি রয়েছে:

- **ট্র্যাক A - FAST NY শোভেল-রেডি সার্টিফিকেশন**
    - ESD কর্তৃক সাইটের বিপণনের উদ্দেশ্যে প্রদানকৃত বিনামূল্যের এই স্বীকৃতি বুঝায় যে লোকেশনটির ব্যাপারে কোনো ব্যবসা প্রতিষ্ঠান আগ্রহ প্রকাশ করার আগে আবেদনকারী সব বড় ধরনের অনুমতি সংক্রান্ত সমস্যা মোকাবেলা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের (এই "স্টেট") সঙ্গে স্বতস্ফুর্তভাবে কাজ করেছে। পরবর্তী কোনো তারিখে এই ব্যাপারে বিস্তারিত ঘোষণা প্রদান করা হবে।

- **ট্র্যাক B - FAST NY উন্নয়ন-পূর্ব অনুদান**
    - ভবিষ্যতে নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত সাইটগুলোর অপরিহার্য উন্নয়ন-পূর্ব সাইট পরিকল্পনা ও পর্যালোচনার ব্যয় নির্বাহের জন্য প্রতিটি সাইটকে 500,000 ডলার পর্যন্ত ওয়ার্কিং ক্যাপিটাল অনুদান প্রদান করা হবে।
        - এসব অনুদান অনুদানপ্রাপ্তদেরকে উন্নয়ন-পূর্ব ক্রিয়াকলাপ, যেমন FAST NY শোভেল-রেডি সার্টিফিকেশনের জন্য আবশ্যক ক্রিয়াকলাপ সম্পন্ন করতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় খরচের অর্থ যোগান দেবে।

- **ট্র্যাক C - FAST NY অবকাঠামো উন্নয়ন**
  - অবকাঠামো উন্নয়ন যেমন পানিসম্পদ, পয়ঃনিষ্কাশন, পরিবহন, বিদ্যুৎ, গ্যাস এবং অন্যান্য মূলধন পাওয়ার উপযুক্ত অবকাঠামোর সাইট উন্নয়নের ব্যয় নির্বাহের জন্য অর্থায়ন করার মাধ্যমে বিদ্যমান, পরিণত সাইটগুলোর নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুতির অবস্থা উন্নত করতে মূলধনী অনুদান প্রদান করা হবে।

FAST NY শোভেল-রেডি সার্টিফিকেশন পাওয়ার শর্তসমূহ উল্লেখযোগ্যভাবে পূরণ করেছে এমন সাইটগুলোর জন্য প্রতিযোগিতামূলক অনুদান লভ্য থাকবে।

আবেদন করার জন্য উপযুক্ত আবেদনকারীরা হচ্ছে মিউনিসিপ্যালিটি এবং মিউনিসিপ্যালিটি পর্যায়ে নিবেদিত অলাভজনক অর্থনৈতিক উন্নয়ন সংস্থাসমূহ, যেমন নিউ ইয়র্ক স্টেট ভিত্তিক অলাভজনক শিল্প উন্নয়ন সংস্থা ও কর্তৃপক্ষসমূহ এবং সাইটটি যেখানে অবস্থিত সেখানে মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে কর্ম সম্পাদন করার জন্য নিবেদিত অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশনসমূহ। অনুদানপ্রাপ্তির জন্য বিবেচিত হওয়ার জন্য সাইটগুলোর আকার অবশ্যই কমপক্ষে 40 একর হতে হবে। তবে, সাইটের জোরালো সংস্থানসমুহ বা জনকল্যাণ যেমন ব্রাউনফিল্ড পুনঃউন্নয়নের সম্ভাবনা প্রদর্শনকারী অপেক্ষাকৃত ছোট আকারের সাইটগুলোর জন্য এই নিয়মের ব্যতিক্রম বিবেচনা করা হতে পারে। উপযুক্ত শিল্পখাতগুলোর মধ্যে রয়েছে:

- হাই-টেক ম্যানুফ্যাকচারিং, যেমন ক্লিন-টেক নবায়নযোগ্য বিদ্যুৎ, লাইফ সায়েন্স, কৃষি ব্যবসা, অপ্টিক্স, পরিবহন সরঞ্জাম, উপাদান প্রক্রিয়াকরণ, শিল্পখাতের যন্ত্রপাতি প্রস্তুতকরণ এবং অন্যান্য উচ্চতর উৎপাদন
- আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিকসের সাইটসমূহ
- সেমিকন্ডাক্টর প্রস্তুতকারক ও সংশ্লিষ্ট শিল্পখাত এবং সাপ্লাই চেইন প্রকল্পগুলোকে অগ্রাধিকার প্রদান করা হতে পারে

সাইটের উপযুক্ত ক্রিয়াকলাপের মধ্যে রয়েছে:

- উৎপাদন
- গবেষণা ও উন্নয়ন
- অফিস পার্ক
- আন্তঃস্টেট বিতরণ ও লজিস্টিকস

অনুদানের সব অর্থ ব্যয় পরিশোধের জন্য প্রদত্ত অর্থ হিসেবে প্রদান করা হবে। অভিপ্রায় পত্র (Letters of Intent, LOI) কিভাবে জমা দিতে হবে সে সংক্রান্ত তথ্যের জন্য ভিজিট করুন https://esd.ny.gov/fast-ny।

স্টেট সিনেটর অ্যানা এম. কাপলান বলেন, "মহামারীর সময় পার করে এসে আমরা যখন নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করতে চাইছি এবং ভবিষ্যতে সাপ্লাই চেইন বিঘ্নিত হওয়া পরিহার করতে স্থানীয় পর্যায়ে উৎপাদন জোরদার করতে চাইছি, এই সময়ে ভবিষ্যতে অর্থনৈতিক সমৃদ্ধি ও উদ্ভাবনের উল্লেখযোগ্য চালিকাশক্তি হয়ে উঠতে যাওয়া হাই-টেক ম্যানুফ্যাকচারিং খাতে বড় ধরনের বিনিয়োগ করা আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিকাশমান শিল্পসমূহকে নিউ ইয়র্কে আকৃষ্ট করার জন্য এখন পদক্ষেপ নিলে তা আমাদের স্টেটকে

দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সাফল্য এবং ভবিষ্যতে দৃঢ় কর্মসংস্থান সৃষ্টি করার মতো অবস্থানে স্থাপন করবে।"

অ্যাসেম্বলি সদস্য হ্যারি বি. ব্রনসন বলেন, "অর্থনৈতিক উন্নয়নের সভাপতি হিসেবে নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত বিনিয়োগগুলো শুরু হতে দেখে আমি আনন্দিত। যখন আমরা নির্মাণকাজ শুরুর জন্য প্রস্তুত অবস্থার জন্য তহবিলকে বাজেটের অন্তর্ভুক্ত করার জন্য লড়াই করেছিলাম, একটি স্টেট হিসেবে আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য এটি কতটা রূপান্তরমূলক ভূমিকা পালন করবে তা আমাদের জানা ছিল। ব্যবসা প্রতিষ্ঠানগুলো এখন এই অনুদান কর্মসূচির কারণে নিউ ইয়র্ক স্টেটে আসতে চাইবে, এবং এর ফলে হাজার হাজার নতুন কর্মসংস্থান তৈরি হবে। হাই-টেক ম্যানুফ্যাকচারিং, আমাদের অবকাঠামোর আধুনিকায়ন, এবং আমাদের স্টেটের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক কর্মীদল তৈরি করার দিকে নিউ ইয়র্ককে এগিয়ে নেওয়ার জন্য আমাদের এই অর্থনৈতিক উদ্দীপনা প্রয়োজন।"

নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক উন্নয়ন কর্পোরেশনের (Economic Development Corporation) প্রেসিডেন্ট রায়ান সিলভা বলেন, "বাজারের জন্য/নির্মাণকাজ শুরুর জন্য সাইট উন্নয়ন প্রকল্পে বিনিয়োগ করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধি ত্বরান্বিত হবে। এই বিনিয়োগ নিউ ইয়র্কে বিনিয়োগ করতে এবং বেড়ে উঠতে আগ্রহী ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য অনুমানযোগ্যতা প্রদান করা এবং বাজারজাত করার সময় কমিয়ে আনার মাধ্যমে নতুন শিল্পগুলোকে আকৃষ্ট করার জন্য কমিউনিটিগুলোকে স্বতস্ফূর্ত ভূমিকা পালন করার সুযোগ করে দেবে। এছাড়াও এটি নির্মাণকাজের কর্মসংস্থানের জন্য একটি তাৎক্ষণিক চাহিদা তৈরি করবে এবং আমাদের অবকাঠামোর আধুনিকায়ন করবে, যেটি নিউ ইয়র্ক স্টেটকে এটির নির্মল জ্বালানির লক্ষ্যসমূহ অর্জন করতে সাহায্য করার পাশাপাশি আগামী দিনের কর্মসংস্থানগুলো ধরে রাখবে এবং আকৃষ্ট করবে, যা সব নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ অর্থনৈতিক সুযোগ-সুবিধা নিশ্চিত করতে সাহায্য করবে। এই বছরের বাজেটে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মসূচি অনুমোদন করায় আমরা গভর্নর হোকলকে এবং আইনসভাকে ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418